# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২০

১/ বিবিধ

আরবী

زينوا موائدكم بالبقل فإنه مطردة للشيطان مع التسمية
موضوع

أخرجه عبد الرحمن بن نصر الدمشقي في " الفوائد " (2 / 229 / 1) وابن حبان في " الضعفاء والمتروكين " (2 / 186) وأبو نعيم في " أخبار أصبهان " (2 / 216)
وغيرهما من طريق العلاء بن مسلمة عن إسماعيل ابن مغراء الكرماني عن ابن عياش عن برد عن مكحول عن أبي أمامة مرفوعا
قلت: وهذا موضوع، وآفته العلاء هذا، قال الذهبي في " الميزان ": قال الأزدي: لا تحل الرواية عنه كان لا يبالي ما روى، وقال ابن طاهر: كان يضع الحديث، وقال ابن حبان: يروي الموضوعات عن الثقات، وتمام كلام ابن حبان: لا يحل الاحتجاج به بحال
والحديث مما شان به السيوطي " جامعه " فأورده من طريق ابن حبان في " الضعفاء " والديلمي في مسند الفردوس " عن أبي أمامة، وقال شارحه المناوي: وفيه إسماعيل بن عياش مختلف فيه عن برد بن سنان أورده الذهبي في الضعفاء
ورواه عنه أبو نعيم وعنه تلقاه الديلمي مصرحا فلوعزاه له لكان أولى
قلت: لقد أبعد الشارح النجعة فعلة الحديث ممن دون من ذكرهم كما عرفت، وقد أورده ابن الجوزي في " الموضوعات " (2 / 298) من طريق ابن حبان عن العلاء بن مسلمة به، ثم قال ابن الجوزي: لا أصل له، العلاء يضع ... وذكر ما تقدم نقله عن "

الميزان
فتعقبه السيوطي في " اللآليء المصنوعة في الأحاديث الموضوعة " (2 / 12) بقوله:
قلت: روى له الترمذي
قلت: وهذا تعقب لا طائل تحته مع ثبوت جرح الرجل فرواية الترمذي عنه لا تعدله وكم في رواته من مجروحين ومتهمين كما لا يخفى على العارفين بتراجم رواة الحديث
ثم ساق له السيوطي في " اللآليء " طريقا أخرى من رواية واثلة بن الأسقع مرفوعا وفيه الحسن بن شبيب المكتب، قال الذهبي في " الميزان ": هو آفة هذا الحديث قال فيه ابن عدي: حدث بالبواطيل عن الثقات وقد جزم ابن القيم في " المنار " (ص 32) بأن الحديث موضوع، أورده في التنبيه على أمور كلية يعرف بها كون الحديث موضوعا، ثم قال (ص 35) : ومنها سماجة الحديث وكونه مما يسخر منه
ثم ذكر أحاديث؛ هذا منها

বাংলা

২০। তোমাদের দস্তরখানাগুলো সবজি দ্বারা সৌন্দর্যমণ্ডিত কর, কারন তা বিসমিল্লাহ বলে আহার করলে শয়তানকে বিতাড়ণকারী যন্ত্র।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আব্দুর রহমান আদ-দামেস্কি "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/২২৯/১), ইবনু হিব্বান “আয-যু’য়াফা ওয়াল মাতরূকীন" গ্রন্থে (২/১৮৬) এবং আবু নু’য়াইম “আখবারু আসবাহান” গ্রন্থে (২/২১৬) “আলা ইবনু মাসলামা সূত্রে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি একটি জাল হাদীস। এর সমস্যা হচ্ছে বর্ণনাকারী এ আলা। যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেন, আযদী বলেছেনঃ ’আলা হতে বর্ণনা করা বৈধ নয়। কারণ কি বর্ণনা করছেন তিনি তার কোন পরওয়া করতেন না। ইবনু তাহের বলেনঃ তিনি হাদীস জাল করতেন। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন। তিনি আরো বলেনঃ কোন অবস্থাতেই তার দ্বারা দলীল গ্রহণ করা হালাল নয়।

সুয়ূতী হাদীসটিকে “জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করে তার গ্রন্থকে কালিমালিপ্ত করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটি “আল-মাওযু’আত” গ্রন্থে (৩/২৯৮) ইবনু হিব্বান এর সূত্রে ’আলা ইবনু মাসলামা হতে উল্লেখ করেছেন। অতঃপর বলেছেনঃ এটির কোন ভিত্তি নেই, ’আলা জালকারী...। এছাড়া “আল-মীযান” গ্রন্থে যা উল্লেখ করা হয়েছে তিনি সে সব কিছুও উল্লেখ করেছেন।

সুয়ূতী তার সমালোচনা করে এ হাদীসটির আরো একটি সূত্র “আল লাআলিল মাসনুয়াহ" গ্রন্থে (২/১২) উল্লেখ করেছেন, যাতে হাসান ইবনু শাবীবুল মাকতাব নামক এক বর্ণনাকারী রয়েছেন।

তার সম্পর্কে যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তিনি হচ্ছেন এ হাদীসের সমস্যা। তার সম্পর্কে ইবনু আদী বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বাতিল হাদীস বর্ণনা করতেন।

ইবনুল কাইয়্যিম "আল-মানার" গ্রন্থে (পৃ. ৩২) বলেছেনঃ হাদীসটি জাল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5281

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন